# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

ISO 9001:2015 Certified

E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২৫. ৫৯২

তারিখ: ৩০ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগস্ট, ২০২৫ খ্রি.

## " দরপত্র বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কাজের স্বার্থে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী পবিস নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত আইটেমের মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/অনুমোদিত ডিলার/সরবরাহকারীর নিকট হতে সীলমোহরকৃত দরপত্র (OTM) আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | দরপত্র নং | মালামালের বিবরণ | পরিমাণ (আইটেম/টি) | দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র দলিল বিক্রয়ের স্থান ও সময়সূচী | দরপত্র গ্রহণ, খোলার স্থান ও সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | ০৪/২০২৫-২৬ | অভিন্ন কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম | ৭,৬০,০০০ কপি | ১০০০/- | ২৪,৫০০/- | পরিচালক, পবিস মনিটরিং ও ব্য: প: (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা ও ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তর ১৭/০৮/২০২৫ খ্রি. **রোজ রবিবার হতে ২৮/০৮/২০২৫ খ্রি. রোজ বৃহস্পতিবার ০৪:০০ ঘটিকা পর্যন্ত।** | পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা ৩১/০৮/২০২৫ খ্রি. **রোজ- রবিবার ১১:০০ ঘটিকা।** | পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে:অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, খিলক্ষেত, ঢাকা ৩১/০৮/২০২৫ খ্রি. **রোজ- রবিবার ১১.০৫ ঘটিকা।** |
| ০২ | ০৫/২০২৫-২৬ | স্টেশনারী মালামাল | ৩২ আইটেম | ১০০০/- | ২২,০০০/- | | | |
| ০৩ | ০৬/২০২৫-২৬ | প্রিন্টিং মালামাল | ৩৫ আইটেম | ১০০০/- | ২৬,০০০/- | | | |
| ০৪ | ০৭/২০২৫-২৬ | লেজার প্রিন্টার টোনার | ২৭১টি | ১০০০/- | ২৮,০০০/- | | | |
| | | রিবন | ৬১৫টি | | | | | |
| | | ডট প্রিন্টার হেড | ০৮টি | | | | | |

**শর্তাবলী:-**

০১। আগ্রহী দরদাতাগণ ছকে উল্লেখিত সময়সূচী অনুযায়ী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ ময়মনসিংহ পবিস-১ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে প্রতিটি দরপত্র দলিল ক্রয়ের জন্য ছকে উল্লিখিত টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পবিস-১, সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এর বরাবরে নিজস্ব লেটারহেড প্যাডে আবেদনের মাধ্যমে এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। খামের উপর নির্দিষ্ট আইটেমের মালামালের নাম 'ক্রয় সংক্রান্ত' কথাটি লিখতে হবে।

০৪। দরপত্র সমূহ ঐদিন অর্থাৎ ৩১/০৮/২০২৫ খ্রি. (উক্ত তারিখে সরকারী ছুটি হলে পরবর্তী তারিখে গ্রহন করা হবে) বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সন্মূখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র দাখিলকৃত অফিসে খোলা হবে।

০৫। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা এই ঠিকানায় পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। দরপত্রের সাথে ময়মনসিংহ পবিস-১ এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে ছকে উল্লিখিত পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হবে।

০৬। ক্রমিক নং-১,২,৩ এবং ৪ এর আইটেমের প্রতিটি ক্ষেত্রে দরপত্র দলিল পৃথক পৃথক ভাবে ক্রয় পূর্বক পৃথকভাবে দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন স্পষ্টায়ন প্রয়োজন হলে সমিতি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।

০৭। সকল দরপত্র দলিলের খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্রের নাম স্পষ্ট করে লিখতে হবে। এছাড়াও দরপত্র দলিলের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর, ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদপত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং দরপত্রে উল্লিখিত চাহিদা মোতাবেক অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে।

০৮। দাখিলকৃত দরপত্রে উপর্যুক্ত প্রতিনিধির স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোন কাটা ছেঁড়া বা ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর সুস্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

০৯। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৪/০৮/২৫

(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দ:) ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/স: সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি/কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১
১০। মেসার্স............................................।
১১। এজিএম (আইটি), ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট: www.pbs1.mymensingh.gov.bd
১৩। অফিস/মাস্টার কপি।

২৪/০৮/২৫

(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
জেনারেল ম্যানেজার